Bengal Students

# MADHYAMIK EXAMINATION 2009

বাংলা- দ্বিতীয় পত্র

পূর্ণমান- ৯০(নিয়মিত পরিক্ষার্থীর জন্য)

১০০(বহিরাগত পরিক্ষার্থীর জন্য)

[নতুন পাঠ্যক্রম]

১. প্রতিটি উত্তর অনাধিক তিনটি ব্যাক্যে লিখে যে- কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ [৩x২=৬]

১.১ "এই বলিয়া নমস্কার করিয়া প্রস্থান করিল"- সে কী বলে প্রস্থান করিল ?

১.২ "পাদুকা সৃষ্টির উদ্দেশ্য পদে পদে ব্যর্থ হইয়া যাইত।"- ব্যর্থ হয়ে যাওয়ার কারন কী ?

১.৩ "আমার জিনিস আমি বেচব না" - 'কোন জিনিস' বক্তা বেচবে না?

১.৪ "এখন শয়তানটা খাবার দিবার বাধ্য।" - খাবার দিতে বাধ্য কেন?

১.৫ "বড়ো দুঃখ হল গৌরবির ।"- গৌরবির দুঃখের কারন কী ?

১.৬ "যতক্ষন না রবি ঠাকুর সেটা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিন ।"- রবি ঠাকুর বক্তাকে চোখে আঙুল দিয়ে কী দেখিয়ে দেন ?

২. প্রতিটি উত্তর কম- বেশী ছটি বাক্যে লিখে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও: [ 5x5=২৫]

২. ১ "কতকগুলো ব্যথা আছে যা সম্পুর্ণ ওর একলারই"- কার সম্প্রর্কে এই কথা বলা হয়েছে ? কেন কিছু ব্যথা ওর একান্ত নিজস্ব বুঝিয়ে দাও  [ ২+৩]

২. ২ "মহাশইয়ের আশা ভালো হয় নাই"- মহাশইয়ের আশা ভালো হয়নি কেন? উত্তরে মহাশয় কী বলেছিল ? [ ২+৩]

২. ৩ "কী অদ্ভুত ধরনের ভীষন সুন্দর দৃশ্য"- কন দৃশ্যের কথা বলা হয়েছে ? দৃশ্যটি ভীষন সুন্দর বলার তাৎপয ব্যাখ্যা করো ? [২+৩]

২.৪ বনাঞ্চলের প্রয়োজন কী ? দেশে বনাঞ্চল কমে গেলে কী ধরনের দূষন হতে পারে, 'পরিবেশ দূষন' রচনা অনুসারে লেখো । [২+৩]

২.৫ "আইস, আমরা ইহার অস্থি দিয়া পৃথিবীর দেহ নতুন করিয়া নির্মান করি।" এখানে অস্থি বলতে কী বোঝানো হয়েছে ? এই অস্থি দিয়ে কেমন করে পৃথিবীর দেহ নতুন করে নির্মান হবে? [২+৩]

www.bengalstudents.com

২.৬ 'নোনাজল' গল্পে সমিরুদ্দি জাহাজ থেকে কিভাবে পালিয়েছিলো? এই পালাবার কারন কী ? [৩+২]

২.৭ "পিতা ও কন্যার মাঝখানে এই যে একটুখানি ছলনার অভিনয় হইয়া গেলো,"- এখানে কোন 'ছলনার' ইঙ্গিত আছে ? এই ঘটনায় কন্যার চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ? [2+3]

৩. কম- বেশী পনেরোটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: [ ১০]

৩. ১ "ছেলেবেলার দিকে যখন তাকানো যায় তখন সবচেয়ে এই কথাটা মনে পড়ে যে, - তখন জগৎটা এবং জীবনটা রহস্যে পরিপূর্ণ" –লেখকের ছেলেবেলার জগৎ ও জীবন যে রহস্যে পরিপূর্ণ ছিলো 'ঘর ও বাহির' আবলম্বনে তার পরিচয় দাও ।

৩.২ 'পরিবেশ দূষন' প্রবন্ধটি অনুসরনে শব্দ দূষনের কারন ও তার প্রতিকারের উপায়গুলি উল্লেখ করো। [৫+৫]

৩.৩ 'ভাগীরথীর উৎস সন্ধানে' রচনাটিতে কথক কীভাবে ভাগীরথীর প্রাবাহপথ অবলম্বন করে তার উৎপত্তিস্থল দেখে আসেন তা বর্ণনা করো।

৪. উৎস- নির্দেশসহ প্রতিটি টিকা অনধিক চারটি বাক্যে লেখো (যে- কোনো দুটি) : [২x২=৪]

৪.১ গোলাবাড়ি

৪.২ দিলরুবা

৪.৩ ইনসাফ

৪.৪ ফুলবেড়ের চটকল

৫. কম- বেশী পনেরোটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: [ ১০]

৫.১ 'মুক্তির কাঁটা' গল্প অবলম্বনে বংশীর দারিদ্র্য- পীড়িত জীবনের পরিচয় দাও । তার মুক্তির পথে কোন কাঁটা কীভাবে বাধা হয়ে দাঁড়িয়েছিল ? [৬+৪]

৫.২ সময়ের আগে সিটি দেওয়া, টাকা পেমেন্ট অতিসতর্কতা ও চিমনির ধোঁয়া দেখে দীর্ঘশ্বাস ফেলা – এইসব ঘটনার মধ্যে খাজাঞ্চিবাবুর চরিত্রের কী পরিচয় পাওয়া যায় ? কারখানায় ব্যাবস্থাপনায় নতুন ও পুরাতনের দ্বন্দ্ব লেখক কীভাবে ফুটিয়ে তুলেছেন ? [৫+৫]

৬. নির্দেশ অনুসারে উত্তর দাও : [ ১০]

৬. ১ নীচের বাক্যগুলিতে যে- সব সন্ধিবব্ধ পদ আছে, তাদের সন্ধিবিচ্ছেস করো ( যে কোনো দুটি) : [২x১=২]

৬.১.১ দিঙ্ম ন্ডল একেবারে বিমুক্ত হইয়াছে। (সাগরসংগমে নবকুমার)

৬.১.২ রাজবস্ত্র সত্যিই অতীব সূক্ষ্য। (উলঙ্গ রাজা)

৬.১.৩ আকাশে উচ্ছ্বসিত করে তোলে। (বলাই)

www.bengalstudents.com

৬.১.৪ উঠবি কি তুই পাষাণ ফুঁড়ে বনস্পতি মহিরুহ? (পথের দিশা)

৬.২ নীচের বাক্যগুলিতে যে- সব সমাসবদ্ধ পদ আছে, তাদের ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো (যে- কোনো দুটি) : [ ২x১=২]

৬.২.১ দুলহ প্রেমধন। (পতিত হেরিয়া কাঁদে)

৬.২.২ অবিচারের বিরুদ্ধে খালাসিরা লড়াই দেয়না কেন? (নোনাজল)

৬.২.৩ অরিন্দম কহিলা বিষাদে- (বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ)

৬.২.৮ এই বৈঠকে অন্তত একটা মতৈক্য বজায় ছিল।(পরিবেশ দূষণ)

৬.৩ নীচের চিহ্নিত পদগুলিতে যার ক্রিয়াপদের সঙ্গে সম্পর্কে আছে তার কারক এবং যার ক্রিয়া ছাড়া অন্য পদের সঙ্গে সম্পর্কে আছে সেটি সম্বন্ধ না সম্বোধন পদ তা নির্নয় করে সংশ্লিষ্ট পদের অন্বয়গত পরচয় ও বিভক্তি নির্দেশ করো (যে- কোনো দুটি) : [ ২x১=২]

৬.৩. ১ আমিনা, চল আমরা যাই  ( মহেশ)

৬.৩. ২ বিবিধ শব্দবিন্যাসে কাঁদিতে লাগিল ( সাগরসংগমে নবকুমার)

৬.৩.৩ ভোর হতে না হতেই বাড়ি পৌছে যাবে। (নোনাজল)

৬.৩.৪ মাটিরে আমি যে বড়ো ভালোবাসি। (কবর)

৬.৪ নির্দেশ অনুসারে রুপান্তর করো (যে- কোনো চারটি): [৪x১=৪]

৬.৪.১ তুমি পালবাবুর চেয়ে উঁচু ঘর তোল কেন ? (হারুন সালেমের মাসি) [ভাববাচ্য]

৬.৪.২ এখন উচ্চতর শৃঙ্গে আরোহন করিবামাত্র আমার সম্মুখের আবরণ অপসৃত হইল। (ভাগীরথীর উৎস সন্ধানে) [চলিত গদ্যে]

৬.৪.৩ লোকের ধান এখনো সব ঝাড়া হয়নি । (মহেশ)[কতৃবাচ্যে]

৬.৪.৪ আমাদের এক চাকর ছিল, তাহার নাম শ্যাম । (ঘর ও বাহির) [সরল বাক্যে]

৬.৪.৫ নীচের উপত্যকাভূমির অত বড়ো হেমলগ গাছের জঙ্গল দাবানলে ও প্রস্তর বর্ষনে সম্পুন্ন নষ্ঠ হয়ে গেল । (অগ্নিদেবের শয্যা) [জটিল বাক্যে]

৬.৪.৬ লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে। (বিভিষণের প্রতি ইন্দ্রজিৎ) [লেখ্য গদ্যে ]

৬.৪.৭ তবে তুমি এলে কেন ?(সাগর সংগমে নবকুমার) [নির্দেশক বাক্যে]

৭. নির্দেশ অনুসারে উত্তর দাওঃ [২১]

৭.১ যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১x৫=৫]

www.bengalstudents.com

৭.১.১ ‘অভিশ্রুতি’ কোন্ কথ্য উপভাষার বৈশিষ্ট্য ?এই উপভাষার প্রচলন আছে পশ্চিমবঙ্গের এমন একটি জে.লার নাম করো ।দুটি উদাহরন দিয়ে ‘অভিশ্রুতি’ বিষয়টি বুঝিয়ে দাও। [১+১+৩]

৭.১.২ ‘প্রত্যয়’ শব্দের সাধারন অর্থ কী কী ? ব্যাকারনের কোন প্রসঙ্গে শব্দটি ব্যবহার হয় ? দুটি উদাহরনের সাহায্যে ব্যাকারনের ‘প্রত্যয়’ বিষয়টি বুঝিয়ে দাও। । [২+১+২]

৭.২ যে- কোনো একটি প্রশ্নের উত্তর দাও। [১x৪=৪]

৭.২.১ নীচের শব্দগুলির ‘দল’ বিশ্লেষণ করে কোন্ শব্দে কটি দল আছে নিদের্শ করো (যে- কোনো চারটি)ঃ
গোবিন্দদাস; দুর্দান্ত; প্রজবলিত; বৃহস্পতি; অরিন্দম; আস্পর্ধা ।

৭.২.২ নীচের শব্দগুলিতে ধবনিপরিবর্তনের কোন কোন নিয়োম কাজ করেছে, তা নির্দেশ করো(যে- কোনো চারটি)ঃ
ফলার; মেছো; গপ্পো; জুতো; রিশকা ।

৭.২.৩ ব্যুতপত্তি নির্ণয় করো (যে- কোনো চারটি)ঃ
জিঞ্জাসা; মোগলাই; বুদ্ধিমান; বর্তমান; পঙ্কজ; ডুবুরি ।

৭.২.৪ উৎস অনুসারে নীচের শব্দগুলির শ্রেণি নির্ণয় করো (যে কোনো চারটি)।
মিস্ত্রি; আঁচল;জেহাদ; মোচ্ছব; কর্তা; হেডপন্ডিত ।

৭.৩ যে কোনো একটির উত্তর দাওঃ [১x৪=৪]

৭.৩.১ আলাদা আলাদা বাক্যে প্রয়োগ করো যে- কোনো চারটির উদাহরণ দাওঃ
আত্মবাচক সবর্নাম; সাপেক্ষ সবর্নাম; সমষ্টিবাচক সবর্নাম; পারস্পরিক সবর্নাম; প্রশ্নবাচক সবর্নাম।

৭.৩.২ নিম্নলিখিত উপসর্গযুক্ত ও উপসর্গহীন শব্দযুগলের মধ্যে অর্থের পার্থক্য নির্দেশ করো (চারটি)ঃ
ভাষা – উপভাষা; নত – উন্নত; তুষ্ট – সন্তুষ্ট; রাজি – নিমরাজি; গমন – আগমন; হাজির – গড়হাজির ।

৭.৩.৩ নীচের চিহ্নিত পদ গুলি কী ধরনের বিশেষন, তা নির্দেশ করো (চারটি)ঃ

৭.৩.৩.১ <u>তিনটে</u> শালিক ঝগড়া করে ।
৭.৩.৩.২ ও <u>মুর্খ</u> কী প্রকারে বলিবে ?
৭.৩.৩.৩ <u>কুচকুচে</u> কালো চুলে মাথা ভরা ।
৭.৩.৩.৪ <u>থই থই</u> শ্রাবন এল ওই ।
৭.৩.৩.৫ <u>কত</u> টাকা চাই ?
৭.৩.৩.৬ তোমার <u>কোন</u> বইটা চাই ?

৭.৪ যে কোনো একটি উত্তর দাওঃ [১x৪=৪]

৭.৪.১ বাক্যের মাধ্যমে প্রয়োগ দেখাও চারটিঃ

www.bengalstudents.com

অকর্মক ক্রিয়া; নাম ধাতু; প্রযোজক ধাতু; ধ্বন্যাত্মক ধাতু; ঐতিহাসিক বর্তমান; ভবিষ্যৎ অনুজ্ঞা ।

৭.৪.২ নীচের বাক্যগুলির ক্রিয়াপদের `প্রকার' নির্ণয় করো চারটিঃ

৭.৪.২.১ সন্ধা হইলেই একাকী নদীতীরে আসিয়া বসিতাম।

৭.৪.২.২ আবার দাঁড়াব গিয়ে দুঃখের দুয়োরে।

৭.৪.২.৩ আমার বউদিদির মৃত্যু হয়েছে।

৭.৪.২.৪ গল্পটা সবাই জানে।

৭.৪.২.৫ ছেলেরা স্কুলে থেকে বাড়ি ফিরছে ।

৭.৪.২.৬ এতটুকু তারে ঘরে এনেছিনু।

৭.৫ যে- কোনো একটির উত্তর দাওঃ ১x৪=৪

৭.৫.১ শুদ্ধ বানানটি লেখো (যে- কোনো চারটি)ঃ

ভৌগোলিক/ভৌগলিক; গীতাঞ্জলী/গীতাঞ্জলি; উচিৎ/উচিত; শূণ্য/শূন্য; মনিষী/মনীষী; ঘনিষ্ঠ/ঘনিষ্ট।

৭.৫.২ নীচের চিহ্নিত পদগুলি কী জাতীয় অব্যয় তা নির্দেশ করো(যে- কোনো চারটি)ঃ

৭.৫.২.১ সময় চলিয়া যায় নদীর স্রোতের <u>প্রায়।</u>

৭.৫.২.২ এমন জোরে মারল <u>যে</u> রক্ত পড়তে লাগল।

৭.৫.২.৩ <u>হ্যাঁ গো বাছা;</u> সারা দিন কোথায় ছিলে?

৭.৫.২.৪ দ্যাখো <u>না,</u> কে দরজায় করা নাড়ছে,

৭.৫.২.৫ <u>মরি মরি</u>! কী দেখিলাম!

৭.৫.২.৬ ও <u>বুঝি</u> চোখে দেখতে পায় না!

৮. যে- কোনো একটির উত্তর দাওঃ

৮.১ আলাদা চারটি বাক্যে চারটি বাগধারার প্রয়োগ দেখাওঃ

ঠোঁটকাটা; অহিনকুল; সম্পর্ক; ওজন বুঝে চলা; চক্ষুশূল; হাতের পাঁচ; বাপের বেটা।

৮.২ নীচের রচনাংশটিতে উপযুক্ত বিরাম চিহ্ন বসাওঃ

বিশ হাজার টাকা কতখানি হয় তা আমি জানিনে একসঙ্গে কখনও চোখে দেখিনি আমি বললুম আমিও জানিনে আমিও দেখিনি তবেই বুঝুন হুজুর সে টাকা কামাতে হলে কটা জান কুরবানি দিতে হয়

(কেবল বহিরাগত পরিক্ষার্থীদের জন্য)

৯. কম- বেশী পনেরোটি বাক্যে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও: [ ১০]

৯.১ ‘মহেশ’ গল্পের পোষ্য জীবের প্রতি গফুরের যে মমত্ববোধ ফুটে উঠেছে, তার পরিচয় দাও ।

৯.২ ‘হারুন সালেমের হাসি’গল্প অনুসরনে গৌরবির মাতৃরুপের পরিচয় দাও।

www.bengalstudents.com

৯.৩ ‘বলাই’ গল্পে প্রকৃতির প্রতি বলাইয়ের ভালোবাসা কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো ।

www.bengalstudents.com